দৈনিক সংবাদ

162

তারিখ SEP 0 8 1998
পৃষ্ঠা ৪ কলাম ৩

## ভুল বানান প্রসঙ্গে

বহুল প্রচারিত দৈনিক 'সংবাদ' পত্রিকায় বরাতে উল্লিখিত পত্রটির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সূত্র পত্রে লেখক ভুল বানান, সংশোধনের নিমিত্তে প্রচুর তথ্য প্রদান করেছেন যা নিঃসন্দেহে প্রতিটি পাঠকের জন্য বিশেষ উপকারে আসবে। কিন্তু লক্ষণীয় বিষয় এই যে, সূত্রপত্রের ৩য় কলামের ২৪নং অনুচ্ছেদে তিনি ব্যক্ত করেছেন যে, শব্দ সংক্ষিপ্ত করতে কেউ কেউ ইচ্ছামত ঃ (বিসর্গ) ব্যবহার করে থাকেন। যেমন 'অবঃ' ইত্যাদি যা ব্যাকরণসম্মত নয়। অথচ বিস্ময়ের সাথে দৃষ্ট হয় যে, বিজ্ঞ লেখক পত্রালাপের শেষে নিজ পরিচয় ব্যাখ্যার স্থানে লে, কর্নেল (অবঃ) পদবী তার নামের পূর্বে মুক্তভাবে ব্যবহার করেন। এরূপ দ্বৈত ব্যাখ্যা স্বাভাবিকভাবেই পরিহাসের উদ্রেক করে থাকে। সুতরাং অনুগ্রহপূর্বক পরবর্তী সংখ্যায় এই পত্রটি প্রকাশপূর্বক সকল মহলকে এরূপ অসংলগ্ন আচরণ হতে নিবৃত্ত করতে সহায়তা করবেন। পত্রলেখক ও পাঠকবৃন্দকে ধন্যবাদ।

এম.এফ করিম
বনানী, ঢাকা-১২১৩